

৪০ সিগন

বেসরকারী শিক্ষক নিবন্ধন পরীক্ষা শুরু

স্টাফ রিপোর্টার : বেসরকারী ভূম-কলেজ ও মাদ্রাসায় শিক্ষক হওয়ার যোগ্যতা যাচাই পরীক্ষা 'বেসরকারী শিক্ষক নিবন্ধন পরীক্ষা' শুরু হয়েছে শুক্রবার থেকে। আজ শনিবার ভূম শাখার দ্বিতীয় পরীক্ষা শেষে কলেজ শাখার পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৮ ও ২৯ সেপ্টেম্বর। ভূম ও কলেজ শাখা বিশিষ্টে এবারে এক লাখ দশ হাজারের মতো প্রার্থী শিক্ষক হওয়ার উদ্দেশ্যে এই পরীক্ষায় অংশ নিচ্ছে। 'বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ' (এনটিআরসিএ) অধীনে অনুষ্ঠিত হচ্ছে এই পরীক্ষা। যারা এই পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাদের একটি সনদ দেয়া হবে। যার মাধ্যমে তারা শিক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন। এই সনদ ছাড়া বেসরকারী ভূম-
(১১- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

বেসরকারী শিক্ষক (১২-এর পাতার পর)

কলেজে শিক্ষক নিয়োগ পরীক্ষায় কেউ আবেদন করতে পারবেন না। একবার সনদ পেলে পাঁচ বছর পর্যন্ত নিয়োগ লাভের চেষ্টা করতে পারবেন। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যোগ্য শিক্ষক নিয়োগের জন্য ২০০৫ সালের মার্চ মাসে 'বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ' (এনটিআরসিএ) নামে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান চালু করে। যাদের কাজ হচ্ছে একটি পরীক্ষার মাধ্যমে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের জন্য প্রার্থী বাচাই করা। তারই আলোকে ২০০৫ সালের ২৫ ও ২৬ নবেম্বর অনুষ্ঠিত হয় প্রথম বেসরকারী শিক্ষক নিবন্ধন পরীক্ষা। এতে লক্ষাধিক প্রার্থী অংশ নেন। যার মধ্যে উত্তীর্ণ হয়েছিল ৩৩ হাজার ৭শ' ৮৮ প্রার্থী। যাদের অনেকে এখন বেসরকারী ভূম-কলেজে শিক্ষকতা করছেন। গত বছরের শেষ দিকে অনুষ্ঠিত হয় দ্বিতীয় পরীক্ষা। তারই ধারাবাহিকতায় এখন অনুষ্ঠিত হচ্ছে তৃতীয় পরীক্ষা।